

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ঝিনাইদহ পওর বিভাগ
বাপাউবো, ঝিনাইদহ
টেলিফোনঃ ৪৭৭-৭৪৬০৬৭



Office of the
Executive Engineer
Jhenaidah O&M Division
BWDB, Jhenaidah
Tel: 477-746067

www.bwdb.jhenaidah.gov.bd

e-mail: ee.bwdb.jhenaidah@gmail.com

তারিখঃ ০৯-০৭-২০২৩ খ্রিঃ

স্মারক নং-ই-১/৫৯৭

“সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্যক্রম ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঝিনাইদহ এর অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ০৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্যক্রম ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারীদের তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পূর), কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪; তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ এর ধারাবাহিকতায় নির্ধারিত আবেদন (ডকুমেন্ট) ফরম এর মূল্য ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (রয়াক), বাপাউবো, কুষ্টিয়ার অনুকূলে পরিশোধ সাপেক্ষে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয় এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি আবেদন ফরম বিক্রয় ও গ্রহণের তফসিলঃ

ক্রমিক নং	আবেদনের ধরণ	ফরম বিক্রয় আরম্ভের তারিখ	ফরম বিক্রয়ের শেষ তারিখ	তালিকাভুক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ
১	ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য/পণ্য)	১০-০৭-২০২৩ খ্রিঃ	৩১-০৮-২০২৩ খ্রিঃ	০৭-০৯-২০২৩ খ্রিঃ

২। তালিকাভুক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির নিবন্ধন বহি ইস্যু করা হবে।

৩। তালিকাভুক্তি ঠিকাদার/সরবরাহকারীদের নবায়নের তফসিলঃ

ক্রমিক নং	নিবন্ধন বহি জমাদান আরম্ভের তারিখ	নিবন্ধন বহি জমাদান সমাপ্তির তারিখ	নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান আরম্ভের তারিখ	নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান সমাপ্তির তারিখ
১	১০-০৭-২০২৩ খ্রিঃ	০৭-০৯-২০২৩ খ্রিঃ	২৪-০৯-২০২৩ খ্রিঃ	০৫-১০-২০২৩ খ্রিঃ

৪। ইতোপূর্বে অত্র দপ্তর হতে ইস্যুকৃত নিবন্ধন বহিতে উল্লেখিত শর্তাবলী পূরণ পূর্বক ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়ন করা যাবে।

--স্বাক্ষরিত--

(মোঃ আবু রায়হান)

নির্বাহী প্রকৌশলী

পরিচিতি নং- ৮৩০২০৫০০১

ঝিনাইদহ পওর বিভাগ


বাপাউবো, ঝিনাইদহ।

স্মারক নং-ই-১/৫৯৭(১৪)

তারিখঃ ০৯-০৭-২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১) প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
- ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
- ৪) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকা এবং ১টি আঞ্চলিক দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন-৭২ গ্রীণ রোড, ঢাকা। (তালিকাটি বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
- ৭) জেলা প্রশাসক, ঝিনাইদহ। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৮) পুলিশ সুপার, ঝিনাইদহ। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৯) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (রয়াক), বাপাউবো, কুষ্টিয়া।
- ১০) উপ-বিভাগীয় প্রকৌশলী, ঝিনাইদহ/শৈলকুপা পওর উপ-বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ।
- ১১) প্রাক্কলনিক, ঝিনাইদহ পওর বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ। তাহাকে ঠিকাদার তালিকাভুক্তি ফরম বিক্রয় ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১২) হিসাব শাখা, ঝিনাইদহ পওর বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ।
- ১৩) দপ্তর কপি।


০৭.০৭.২০২৩

নির্বাহী প্রকৌশলী

ঝিনাইদহ পওর বিভাগ